



# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়, কৃষি ব্যাংক ভবন  
ষোলশহর, চট্টগ্রাম-৪২০৩।

ফোন : ০২-৩৩৪৪৫২২০৫, ০২-৩৩৪৪৫২২০৬

ই-মেইল : gmchittagong@krishibank.org.bd



সূত্র: বিকাচ(প্রশা)০১(৭)অংশ-১১/২০২১-২০২২/১৭০১

তারিখ : ১৭. ১১. ২০২১খ্রিঃ

উপ-মহাব্যবস্থাপক, আখাবাদ/চট্টগ্রাম কর্পোরেট শাখা  
সকল মুখ্য অঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক, চট্টগ্রাম বিভাগ।

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম ও সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জনে নেতিবাচক প্রভাব প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

অত্র কার্যালয়ের মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অত্র বিভাগাধীন বিভিন্ন অঞ্চলের শাখাসমূহের বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রা পর্যালোচনায় মহাব্যবস্থাপক মহোদয় সার্বিক পারফরমেন্সের বিষয়ে গভীর অসন্তোষ প্রকাশ করেন। পারফরমেন্স পর্যালোচনায় প্রতীয়মান হয় সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা আনুপাতিক হারের তুলনায় অর্জন খুবই নগন্য। সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনে বিগত বছরের একই সময়ের তুলনায় কর্পোরেট শাখাসহ সকল মুখ্য অঞ্চল/অঞ্চলের ঋণাত্মক প্রবৃদ্ধি লক্ষণীয়। এ ক্ষেত্রে কাজের প্রতি আন্তরিকতার ঘাটতি প্রতীয়মান হয়, যা মোটেই কাম্য নয়। অর্থ বছরের শুরুতে অত্র কার্যালয় হতে প্রেরিত ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ শাখা ভিত্তিক মাঠ কর্মকর্তাসহ সকল কর্মকর্তা/কর্মচারীর মধ্যে বন্টন এবং নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ কে যথাযথ তদারকির মাধ্যমে তা বাস্তবায়নের নির্দেশনা দেয়া হয়েছিল। আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের বন্টিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য সর্বোচ্চ গুরুত্ব প্রদানপূর্বক বিদ্যমান জনশক্তিকে ব্যবহারের মাধ্যমে কাঙ্ক্ষিত অর্জনের জন্য অনুরোধ করা হলো। এছাড়া ও মানিলন্ডারিং রোধ, শাখাসমূহে কম্পিউটারাইজেশন প্রক্রিয়া এর মাধ্যমে গ্রাহক সেবার মান বৃদ্ধি, সকল স্তরে শাখার কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতার সাথে দায়িত্ব পালন, নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শাখা পরিদর্শন এর ব্যাপারে যথাযথ দায়িত্ব পালনের জন্য ও অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(মো:ইউসুচ)

উপ-মহাব্যবস্থাপক (দায়িত্বে)